আলমডাঙ্গায় গাঁজা সেবনের দায়ে যুবকের জেল

আলমডাঙ্গার গড়গড়ি গ্রামে গাঁজা সেবনের দায়ে এক যুবককে ৬ মাসের কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে গড়গড়ি গ্রামে উপস্থিত হয়ে এ আদেশ প্রদান করেন।

আদালত সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের গড়গড়ি গ্রামের আজিজুদ্দিনের ছেলে মাসুদ রানা। সে দীর্ঘদিন যাবৎ মাদকদ্রব্য গাঁজা সেবনের পাশাপাশি বিক্রয় করে আসছিলো।

সোমবার বেলা ১২ টার দিকে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশ মাদকদ্রব্য অভিযান পরিচালনা করেন। এসময় গড়গড়ি গ্রাম থেকে মাসুদ রানাকে ২৫ গ্রাম গাঁজাসহ আটক করে পুলিশ। পরে আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ উপস্থিত হয়ে মাসুদ রানাকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে।